

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা
www.mopme.gov.bd

নং-৩৮.০০.০০০০.০৩১.০৪.০০৪.১৭-২৬৪

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৪
১৮ মে ২০১৭

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আইনজীবী প্যানেল নিয়োগ বিজ্ঞপ্তি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারি স্বার্থ রক্ষার্থে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের এবং প্রশাসনিক ট্রাইব্যুনালের জন্য ২ (দুই) জন প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে আহ্বান আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| | |
|-----|---|
| ১. | আবেদনকারীর নাম, পিতা/স্বামী, মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, মোবাইল নাম্বার ও বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত। |
| ২. | আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে। |
| ৩. | আবেদনের সাথে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে। |
| ৪. | আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| ৫. | বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য/পেশাগত সনদ এবং অভিজ্ঞতা সনদের কপি দিতে হবে। |
| ৬. | এডভোকেট হিসাবে ১০(দশ) বৎসরের তন্মধ্যে হাইকোর্ট বিভাগে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা ও এককভাবে/যৌথভাবে কমপক্ষে ৫০(পঞ্চাশ) টি মামলা পরিচালনা ও নিষ্পত্তির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭. | আবেদনের সাথে মামলা পরিচালনার ব্যয়/সম্মানীর হারের তালিকা দিতে হবে। |
| ৮. | অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে। |
| ৯. | ১৮ মে ২০১৭ তারিখ আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বছর হতে হবে। |
| ১০. | আইনজীবী নিয়োগ ৩ (তিন) বৎসরের জন্য হবে। |
| ১১. | কোন আইনজীবী অব্যাহতি নিতে চাইলে সে ক্ষেত্রে ৬০ (ষাট) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে। |
| ১২. | আগামী ০৭/০৬/২০১৭ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অতি: সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ভবন নং-০৬, কক্ষ নং-৬০৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে। |
| ১৩. | কোন কারণ দার্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

মোঃ আকরাম-আল-হোসেন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
৫/৬/১৭